## Use of A and An

1. সাধারণত consonant এর পূর্বে a এবং vowel (a, e, i, o, u) এর পূর্বে an বসে। যেমন – a hen, a book, a pen, an apple, an egg, an orange.

2. শব্দের শুরুতে যদি h থাকে এবং h এর উচ্চারণ h এর মত হলে তার পূর্বে a বসে। কিন্তু h এর উচ্চারণ o বা অন্য কোন উচ্চারণ হলে তার পূর্বে an বসে। যেমন- a horse, a historian, an honest man, an hour.

3. শব্দের শুরুতে যদি Vowel থাকে এবং তার উচ্চারণ যদি u এর মত হয় তাহলে তার পূর্বে a বসে। যেমন- a ewe, a European, a uniform, a university, a useful metal.

4. O দিয়ে গঠিত শব্দের পূর্বে an বসে। শুধুমাত্র one শব্দের পূর্বে a বসে। যেমন- an open field, an open heart surgery, an opera, an orange, a one taka note, a one eyed man.

5. সংক্ষিপ্ত রূপ অর্থাৎ abbreviation এর প্রথম অক্ষর vowel এর মত উচ্চারিত হলে তার পূর্বে an বসে। কিন্তু abbreviation এর প্রথম অক্ষর consonant এর মত উচ্চারিত হলে তার পূর্বে a বসে। যেমন- an M.B.B.S, an F.C.P.S, an M.A, a B.A, a B.SC.

Other uses of A and An

1. এক জাতীয় সকল singular common noun এর পূর্বে a/an বসে। যেমন- A tiger is a dangerous animal; An ant is an industrious insect.

2. একজন ব্যক্তি বা বস্তুকে বুঝালে তার পূর্বে a/an বসে। যেমন- He bought an orange, He lives in a tiny room.

3. সমজাতীয় কিছু(the same, the certain) ইত্যাদি অর্থ প্রকাশ করতে singular common noun এর পূর্বে a/an বসে। যেমন
- Birds of a feather flock together.
- Criminals are of a (the same) character.
- There lived a farmer.

4. Preposition অর্থে কখনো কখনো a ব্যবহৃত হয়। এরূপ a কে disguised preposition বলে। যেমন- He went a (on) fishing, She went a (on) shopping.

5. Few, little, good many, lot of, great many, good deal, ইত্যাদি plural noun এর পূর্বে a /an বসে। মাঝে মাঝে many এর পরে a /an বসে। Example
- I have a few friends here.
- The library has a lot of books.
- The rich man has a good deal with money
- Many a man was present in the meeting.

6. সংখ্যাবাচক শব্দ- dozen, hundred, thousand, million, couple, score, ইত্যাদির পূর্বে a বসে।

7. Exclamation অর্থাৎ what, how, why, ইত্যাদির পরে a বসে।
- What a beautiful lady!
- How nice a bird!

8. Singular common noun – quite, many, rather, but, more এর পূর্বে a/an বসে।
- He is rather a gentleman.
- You are but a child.

9. Mr./Mrs./Miss এর পূর্বে a/an বসে।
- A Mr. Ashik called in his house.
- A Mrs. Habiba sought his help.

Omission of a/an:

1. খাবারের (meals) পূর্বে a/an বসে না। তবে খাবারের (meals) পূর্বে adjective বসলে a/an বসে.

Incorrect- We have a dinner at 8.00 pm.
Correct- We have dinner at 8.00 pm.

Incorrect- We had good breakfast yesterday.
Correct- We had a good breakfast yesterday.

2. Plural noun এর পূর্বে a/an বসে না।
- Birds are beautiful.
- Cows are useful.

3. Uncountable noun হিসেবে গণ্য যেমন – advice, information, news, baggage, water, milk, oil, tea, paper, ইত্যাদি এর পূর্বে a/an বসে না।
- He gave me some information.
- We take tea.
- He drinks water.

তবে পরিমাপ করা যায় এমন কিছু measure words থাকলে তার পূর্বে a/an বসে। যেমন – Give me a glass of water.

Rules of Sentence Connectors